

**গণিতে সৃজনশীল পদ্ধতি
বাতিলের দাবিতে
বিক্ষোভ**

চট্টগ্রাম অফিস
আগামী ২০১৫ সালের আঞ্চলিক স্কুল
স্যাটিফিকেট পরীক্ষায় (এসএসসি)
গণিত বিষয়ে সৃজনশীল পদ্ধতি
বাতিলের দাবিতে বন্দরনগরী
চট্টগ্রামে বিক্ষোভ পত্র প্রেরণ করে
বিভিন্ন বিদ্যালয়ের নবম শ্রেণির
শিক্ষার্থীরা গতরা তিন দফা দাবিতে
রোববার দুপুরে চট্টগ্রাম প্রেসক্লাবের
সামনে মিছিল ও অবস্থান কর্মসূচি
পালন করে।

জাদের তিন দফা দাবি হচ্ছে ২০১৪
সালের জুনিয়র স্কুল স্যাটিফিকেট
পরীক্ষা (জেএসসি) এবং ২০১৫
সালের এসএসসি পরীক্ষায় গণিত
বিষয়ে সৃজনশীল পদ্ধতি বাতিল
করতে হবে।

প্রত্যেক জেলায় গণিতে সৃজনশীল
পদ্ধতি চালুর ব্যাপারে শিক্ষার্থীদের
মতামত নিতে হবে এবং সে অনুযায়ী
সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
বর্তমানে বিক্ষোভ : পৃষ্ঠা ১৫ কলাম ৬

বিক্ষোভ : গণিতে

(শেখ পৃষ্ঠার পর)
ষষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের
জন্য গণিত বিষয়ে সৃজনশীল পদ্ধতি
চালু করে ডিমাখতে ২০১৮ সালের
এসএসসি পরীক্ষায় গণিতে সৃজনশীল
পদ্ধতি কার্যকর করতে হবে।
কর্মসূচি অংশগ্রহণকারী প্রবর্তক
বিনয়শীলের নবম শ্রেণির শিক্ষার্থী মো.
পরিফ ও কলেজিয়েটে স্কুলের
সুবডায়ের প্রধান বলেন, 'আমরা ষষ্ঠ
শ্রেণিতে থাকার সময় গণিতে
সৃজনশীল পদ্ধতি কার্যকর করা হলে
আমাদের কোনো সমস্যা ছিল না। কিন্তু
নবম শ্রেণিতে এসে গণিত সিলেবাসে
সৃজনশীল পদ্ধতি চালু করা হয়েছে।
এতে এসএসসি পরীক্ষার ফলাফলে
নেতিবাচক পড়বে বলে আশঙ্কা
করছেন তারা। তাই তারা ষষ্ঠ শ্রেণি
থেকে ও পদ্ধতি চালুর দাবি জানান।
সমাবেশে ডা. বাস্তবীর স্কুল,
কলেজিয়েটে স্কুল, চট্টগ্রাম সরকারি উচ্চ
বিদ্যালয়, মাদিরাবাল উচ্চ বিদ্যালয়সহ
বিভিন্ন বিদ্যালয়ের কয়েকশ শিক্ষার্থী
অংশগ্রহণ করে। অবস্থান কর্মসূচি শেষে
শিক্ষার্থীরা প্রেসক্লাব থেকে মিছিল বের
করে। মিছিলটি জামালখান মেডে এসে
শেষ হয়।